

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ  
পরিকল্পনা মন্ত্রণালয়  
প্রশাসন-১ শাখা  
[www.sid.gov.bd](http://www.sid.gov.bd)

নং- ৫২.০০৫.০৩৩.০০.০০.৫৭০.২০০৮-৫৩৮

তারিখঃ ১৯ পৌষ ১৪২৩  
০২ জানুয়ারি ২০১৭

প্রাপক: প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ  
সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ বেগম আজিজা রহমান-এর অনুকূলে আগামী ০৮/০১/২০১৭ হতে ৩১/০৮/২০১৮ পর্যন্ত সময়ে Australia Awards  
Scholarship-এর অর্থায়নে Finders University-তে Master of Arts (International Development)  
কোর্সে অংশগ্রহণের জন্য প্রেষণ মঞ্জুর।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং-এর উপপরিচালক বেগম আজিজা রহমান-এর অনুকূলে Australia Awards Scholarship- এর অর্থায়নে Finders University-তে আগামী ০৮/০১/২০১৭ হতে ৩১/০৮/২০১৮ পর্যন্ত সময় অথবা কোর্স সম্পন্ন করা পর্যন্ত Master of Arts (International Development) প্রোগ্রামে উচ্চশিক্ষা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯/০৮/১৯৯২ তারিখের সম(বি:প্র:)-৮/৯২-৫১৮(৫০০) নং আদেশে উল্লিখিত মুচলেকায় বর্ণিত নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে প্রেষণ মঞ্জুর করা হলো:

শর্তাবলী:

- (০১) তিনি উপরোক্ত কোর্স নির্ধারিত মেয়াদের মধ্যে কৃতকার্যতার সাথে সুসম্পন্ন করবেন;
- (০২) কোর্স সম্পন্ন হওয়ার পূর্বে বাংলাদেশ সরকার অন্যরূপ নির্দেশ প্রদান না করলে কোর্সের মেয়াদ শেষ হওয়ার অব্যবহিত পরেই তিনি দেশে ফিরে আসবেন;
- (০৩) পূর্বাধে মঞ্জুরকৃত বৈদেশিক ছুটি থাকলে কোর্স শেষ হওয়ার পরে সর্বোচ্চ ৩(তিন) মাস তিনি বিদেশ অবস্থান করতে পারবেন;
- (০৪) তিনি বাংলাদেশ সরকারের নির্দেশ অথবা পূর্বাধে অনুমোদিত বৈদেশিক ছুটি ব্যতীত কোর্সের মেয়াদ শেষে বিদেশে অবস্থান করলে তা অবৈধ অনুপস্থিতি হিসেবে গণ্য হবে। এভাবে অবৈধ অনুপস্থিতির সময়কে সরাসরি বিনা বেতনে ছুটি হিসেবে গণ্য করা হবে এবং এ ক্ষেত্রে সরকারী চাকরী বিধি অথবা লীড রুলস্ প্রযোজ্য হবে না;
- (০৫) তিনি কোন অবস্থাতেই কোর্সের মেয়াদ বৃদ্ধি অথবা কোর্স পরিবর্তন করার জন্য আবেদন করবেন না;
- (০৬) প্রশিক্ষণ/শিক্ষা প্রতিষ্ঠানের চাহিদা মোতাবেক কোর্সের সাথে সম্পৃক্ত যে কোন কাজ করতে তিনি দ্বিধা করবেন না এবং বিদেশে অবস্থানকালে বাংলাদেশী নাগরিক হিসেবে তিনি মান ও মর্যাদার হানি হয় এ রকম আচরণ করবেন না;
- (০৭) বিদেশে অবস্থানকালে তিনি কোন ঋণ গ্রহণ করবেন না এবং বিদেশ হতে আসার পূর্বে সকল বকেয়া বিল পরিশোধ করবেন;
- (০৮) বিদেশে পৌঁছার সাথে সাথে তিনি তাঁর পৌঁছানোর সংবাদসহ স্থানীয় ঠিকানা সম্পর্কে সেই দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসকে অবহিত করবেন।
- (০৯) প্রেষণকালীন তিনি দেশীয় মুদ্রায় বেতন-ভাতাদি প্রাপ্য হবেন;
- (১০) কোর্সটি সমাপ্তির পর তাঁর লক্ষ্যজন সংক্রান্ত একটি প্রতিবেদন এ মন্ত্রণালয়ে জমা প্রদান করবেন।

স্বাঃ/-

মোসা: কামরুন্নাহার  
সিনিয়র সহকারী সচিব  
৮১৮১৩৬২

নং- ৫২.০০৫.০৩৩.০০.০০.৫৭০.২০০৮-৫৩৮

তারিখঃ ১৯ পৌষ ১৪২৩  
০২ জানুয়ারি ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা।
- ০৫। মান্যবর হাই কমিশনার, অস্ট্রেলিয়ায় অবস্থিত বাংলাদেশী দূতাবাস, অস্ট্রেলিয়া।
- ০৬। মান্যবর হাই কমিশনার, বাংলাদেশে অবস্থিত অস্ট্রেলিয়া দূতাবাস, বাংলাদেশ।
- ০৭। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৮। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল (রহঃ) আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ০৯। বেগম আজিজা রহমান, উপ-পরিচালক, ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
- ১০। অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ১১। অফিস কপি।

মোসা: কামরুন্নাহার  
সিনিয়র সহকারী সচিব